

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৪৭১.২০১৭ / ১১১

তারিখ

নং ১৪২৪ বঙ্গাব্দ


২০ জানুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয় : রীট পিটিশন নং-১৩৬৮৪/২০১৭ এর দফাওয়ারী জবাব ও প্রাসঙ্গিক কাগজপত্র প্রেরণের তাগিদ প্রসঙ্গে।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের ২৭ নভেম্বর/২০১৭ তারিখের ২৪০৯ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ থেকে বিষয়বর্ণিত রীট সংক্রান্ত আদেশ এবং আরজির কপি অত্র বিভাগে প্রাপ্তির পর রীটের আরজির আলোকে দফাওয়ারী জবাব (Statement of Facts SF) স্থানীয় সরকার বিভাগে জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য সূত্রবর্ণিত স্মারকে তাঁকে অনুরোধ করা হয়েছিল। কিন্তু যাচিত দফাওয়ারী জবাব তাঁর দপ্তর থেকে অদ্যাবধি পাওয়া যায়নি। ফলে, উক্ত রীট মোকদ্দমায় রাষ্ট্র/সরকার পক্ষের স্বার্থহানী হওয়ার আশংকা দেখা দিয়েছে।

৪. বিষয়বর্ণিত মামলায় সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে দফাওয়ারী জবাব/ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Facts SF) প্রতিপাতায় স্বাক্ষরযুক্ত ও প্রাসঙ্গিক কাগজপত্র সত্যায়িত সহকারে ২ (দুই) সেট পত্র প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে আইন-১ শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য তাঁকে পুনরায় অনুরোধ করা হল। নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

  
(মুহাম্মদ আনোয়ার পাশা)  
উপসচিব

☎ ৯৫৪০৯৯৫

E mail: [dslaw1.lgd.gov@gmail.com](mailto:dslaw1.lgd.gov@gmail.com)

জেলা প্রশাসক  
মাদারীপুর

সদয় অবগতি/কার্যার্থে অনুপিতঃ

১. বিজ্ঞ সলিসিটর, সলিসিটর উইং, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়; বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গন, ঢাকা।
২. যুগ্মসচিব (ইউনিয়ন পরিষদ), স্থানীয় সরকার বিভাগ।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
৫. অফিস কপি/মাষ্টার কপি।